**এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন**

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি

৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫।

www.napdaa.org,

E-mail: info@napdaa.org

বিষয় : অ্যাসোসিয়েশন এর কার্যনির্বাহী কমিটি (২০১৬-২০১৯) ৮ম সভার কার্যবিবরণী।

তারিখ : ২৩ জুলাই, ২০১৮ (সোমবার)

সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।

সভার স্থান : এনএপিডি'র বোর্ড রুম।

সভাপতি : জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার, মহাপরিচালক (সরকারের ভারপ্রাপ্ত সচিব), এনএপিডি

ও

সভাপতি, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

সভার উপস্থিতি:

| ক্র: নং | নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা | অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পদবি | | ক্র: নং | নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা | অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পদবি |
|---|---|---|---|---|---|---|
| ১. | ডাঃ জামাল উদ্দীন খলিফা ভাইস প্রেসিডেন্ট, বিএমএ, ১, নিউ বেইলী রোড, ঢাকা | সহ-সভাপতি | | ৮. | ডাঃ নৌশাদ কায়সার পাঠান জুনিয়ার কনসাল্টটেন্ট, ওএমএস, ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল | প্রচার প্রকাশনা ও জনসংযোগ সম্পাদক |
| ২. | বেগম কানিজ ফাতেমা প্রফেসর, নর্থদান ইউনিভারসিটি, নিউ বেইলী রোড, ঢাকা | সহ-সভাপতি | | ৯. | জনাব মোঃ রমজান আলী সহযোগী প্রশিক্ষক, এনএপিডি | দপ্তর সম্পাদক |
| ৩. | প্রকৌ: মোঃ আব্দুর রশীর পরিচালক (প্রশা. ও অর্থ), এনএপিডি | সহ-সভাপতি | | ১০. | কাজী মোহাম্মদ সালাতুজ্জামান সিস্টেম এনালিষ্ট, এনএপিডি | সমাজ কল্যাণ সম্পাদক |
| ৪. | জনাব মোঃ আতাউল হক যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | মহসচিব | | ১১. | ডাঃ সানিয়াত জাহান খান এমও, বার্ণ এন্ড প্লাষ্টিক সার্জারি ইউনিট, ঢামেক | ক্রীড়া সম্পাদক |
| ৫. | ডাঃ মোঃ ওয়াহিদুল ইসলাম প্রিন্স, সহকারী প্রফেসর, ওরাল, ঢা.মে.ক | যুগ্ম-মহাসচিব | | ১২. | ড. মোঃ নুরুজ্জামান পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি | নির্বাহী সদস্য |
| ৬. | ডাঃ মোঃ সাখাওয়াত হোসাইন মিঠু, মেডিকেল অফিসার, এনআইডিসিএইচ, মহাখালী, ঢাকা | কোষাধ্যক্ষ | | ১৩. | মোঃ আব্দুস শহিদ চৌধুরী সিনিয়র সহকারী পরিচালক, বিটিআরসি, আই.ই.বি ভবন, রমনা, ঢাকা | নির্বাহী সদস্য |
| ৭. | জনাব মোঃ হাসান তারিক পরিচালক (গবেষণা ও প্রকাশণা), এনএপিডি | গবেষণা ও উন্নয়ন বিষয়ক সম্পাদক | | ১৪. | মোহাম্মদ জিয়াউর রহমান সহযোগী প্রশিক্ষক, এনএপিডি | নির্বাহী সদস্য |

২.০০ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মহাসচিব এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র.নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২.০১ | নতুন সভাপতির সঙ্গে পরিচিতি | অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্যগণ সৌহার্দ্যপূর্ণ পরিবেশে নতুন সভাপতির সঙ্গে | |

| ক্র.নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | পরিচিত হন। পরিচয় পর্বে নতুন 'সভাপতি' অ্যাসোসিয়েশন এর কর্মকান্ড বেগবান করার বিষয়ে তার সর্বাত্মক সহযোগিতার অঙ্গিকার ব্যক্ত করেন। | |
| ২.০২ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ২০.০৩.২০১৮ তারিখের সভার কার্যবিবরণী উপর কোন আপত্তি পাওয়া যায়নি। | কার্যবিবরণী নিশ্চিত করা হয়। |
| ২.০৩ | আইডি কার্ড তৈরি | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী সদস্যদের জন্য আইডি কার্ড তৈরির জন্য জীবন সদস্যদের তালিকা চূড়ান্তকরণ ও আইডি কার্ডের (প্লাস্টিক) নমুনা সভায় উপস্থাপন করা হয়। | ক) অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠালগ্ন অর্থাৎ ২০১০ সাল থেকে যাঁরা জীবন সদস্য হয়েছেন তাঁদেরকে সদস্য নম্বরসহ পরিচয়পত্র প্রদান করা হবে;<br>খ) যে সকল সদস্যদের পূর্নাঙ্গ তথ্য পাওয়া গেছে তাদের অনুকূলে বর্তমানে পরিচয়পত্র প্রদান করা হবে। বাকীদের তথ্য হালনাগাদ করার পর প্রদান করা হবে;<br>গ) উন্নতমানের প্লাস্টিক কার্ডদ্বারা পরিচয়পত্র তৈরি করা হবে। অ্যাসোসিয়েশনের সভাপতি, মহাসচিব ও একাডেমির অতিরিক্ত মহাপরিচালক মহোদয় কার্ডটি চূড়ান্ত করবেন;<br>ঘ) কার্ডে পূর্বের তথ্য অর্থাৎ নাম, সদস্য সংখ্যা, জন্মতারিখ, রক্তের গ্রুপ এর পাশাপাশি জাতীয় পরিচয় (এনআইডি) নম্বর যোগ করতে হবে;<br>ঙ) কার্ড তৈরি হওয়ার পর সদস্যগণকে SMS এর মাধ্যমে জানানো হবে। সদস্যগণ অ্যালামনাই অফিস থেকে স্ব স্ব আইডি কার্ড সংগ্রহ করবেন। কার্ড বিতরণে নির্দিষ্ট রেজিস্ট্রার সংরক্ষণ করা হবে। |
| ২.০৪ | "এনএপিডি অ্যালামনাই তহবিলের" নামে স্থায়ী আমানত সংক্রান্ত | সভায় অবহিত করা হয় যে, ২০১৭ সালের সেপ্টেম্বর মাসে অ্যাসোসিয়েশন এর কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এনএপিডি অ্যালামনাই তহবিল নামে "আল আরাফা ইসলামী ব্যাংক, বংশাল শাখায়" ২ (দুই) লক্ষ টাকা এফডিআর করা হয়েছে। বর্তমানে সাধারণ তহবিলে ৩,১৫,৩৯৫/- টাকা মজুদ আছে। মজুদ তহবিল থেকে অ্যাসোসিয়েশন এর তহবিল বৃদ্ধি করার নিমিত্ত অধিক মুনাফা প্রদানকারী যে কোন তফসিলি ব্যাংকে আরো ২ (দুই) লক্ষ টাকা এফডিআর করার বিষয়ে আলোচনা হয়। | বর্তমানে অধিক মুনাফা প্রদানকারী আইএফআইসি ব্যাংক, এ্যালিফ্যান্ট রোড, শাখায় ২ (দুই) লক্ষ টাকা ১ বছর মেয়াদী এফডিআর করতে হবে। |
| ২.০৫ | পূণ:র্মিলণী অনুষ্ঠান আয়োজন | সদস্যগণের মধ্যে সোহার্দ্য, সম্প্রীতি বৃদ্ধির জন্য আগামী অক্টোবর, ২০১৮ সময়ে পূন:মিলণী অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে। | অক্টোবর/২০১৮ বা নিকটবর্তী সময়ে একটি পূন:র্মিলণী অনুষ্ঠানের আয়োজন করা হবে। |
| ২.০৬ | দেশব্যাপী সেমিনার/কর্মশালা আয়োজন | স্বাস্থ্য ও পরিবেশ রক্ষা সম্পর্কিত সচেতনতা বৃদ্ধিতে সারাদেশে সেমিনার ও কর্মশালা আয়োজনের লক্ষ্যে গঠিত কমিটি সুনির্দিষ্ঠ কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন। | স্বাস্থ্য ও পরিবেশ রক্ষা সম্পর্কিত সচেতনতা বৃদ্ধিতে সারাদেশে সেমিনার ও কর্মশালা আয়োজনের লক্ষ্যে গঠিত ৭ সদস্য বিশিষ্ট কমিটি তাদের কর্মপরিকল্পনা প্রণয়ন করে |

| ক্র.নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | | পরবর্তী সভায় উপস্থাপন করবেন। |
| ২.০৭ | ওয়েব সাইটে তথ্য হালনাগাদ করণ | বর্তমান যুগ Networking খুবই গুরুত্বপূর্ণ। এতে পারস্পারিক যোগাযোগের মাধ্যম সকলে ব্যক্তিগত ও সামাজিক জীবনে উপকৃত হয়। এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের তথ্য নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন। তাছাড়া Website এ about মেন্যুতে অ্যাসোসিয়েশনের সাধারণ তথ্যাবলী দেওয়ার বিষয়ে আলোচনা হয়। | ক) অ্যাসোসিয়েশনের ওয়েব সাইটের তথ্য এনএপিডি'র সহকারী প্রোগ্রামার জনাব মোঃ নুরুল আমিন এর সহায়তায় অ্যাসোসিয়েশনের অফিস সহায়ক তথ্য হালনাগাদ করবেন;<br>খ) অ্যাসোসিয়েশনের বিদ্যমান ওয়েব সাইটে অ্যাসোসিয়েশনের একটি পরিচিত about লিখে আপলোড করতে হবে। বর্তমানে যে লিখিত পরিচিতিটি আছে তা আপলোড করতে হবে। |
| ২.০৮ | Facebook Page এ অ্যাসোসিয়েশনের পরিচিত বাড়ানো | এনএপিডি'র অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook Page এ সকল Executive Committee (EC) সদস্যদের Admin করতে হবে যাতে সবাই সংশ্লিষ্ট ছবি আপলোড বা শেয়ারের মাধ্যমে সামাজিক যোগাযোগ বাড়াতে পারেন। | অ্যাসোসিয়েশনের নির্বাহী কমিটির সদস্যদের Admin করতে হবে। |
| ২.০৯ | রেজিস্ট্রেশন ফরম নির্বাচন | বর্তমানে জীবন সদস্য ও সাধারণ সদস্যদের জন্য ফরম প্রচলিত আছে। সাধারণ সদস্যদের অ্যাসোসিয়েশনের সাথে যোগাযোগ খুবই সীমিত। | শুধু মাত্র জীবন সদস্য হওয়ার ক্ষেত্রে রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে। |

৩.০০ পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ কামাল উদ্দিন তালুকদার)
মহাপরিচালক (সরকারের ভারপ্রাপ্ত সচিব) এনএপিডি
ও
সভাপতি
এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন